সংবাদ

তারিখ ... 26 MAY 2016 ...
পৃষ্ঠা ... ৫ ... কলাম ... ৩ ...

# পূর্বধলায় শিক্ষা ও স্বাস্থ্যসেবা অধিকার বিষয়ক সভা

সংবাদদাতা, পূর্বধলা (নেত্রকোনা)

নেত্রকোনার পূর্বধলা উপজেলায় গত মঙ্গলবার শিক্ষা ও স্বাস্থ্য সেবা অধিকার বিষয়ক এক সভা অনুষ্ঠিত হয়েছে। ওয়ার্ল্ড ভিশন বাংলাদেশ পূর্বধলা এডিপির উদ্যোগে আগিয়া ইউনিয়নের সকল স্তরের জনসাধারণের নিয়ে অনুষ্ঠিত সভায় সভাপতিত্ব করেন আব্দুল ওয়াহেদ। এতে প্রধান অতিথি ছিলেন পূর্বধলা এডিপির ম্যানেজার মিসেস লিমা হান্না। বিশেষ অতিথি ছিলেন পূর্বধলা এডিপির শিক্ষা প্রোগ্রামের ম্যানেজার মার্শেল রংদী, ডা. আলমগীর কবির, তপন সাহা প্রমুখ।